

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২৮৫.২০১৭- ১৬৮৬


তারিখঃ ০৭ আগস্ট ২০১৭
১৯ শ্রাবণ ১৪২৪

বিষয় : রীট পিটিশন নং-৮০৭৯/২০১৭, বাদী জনাব মোঃ ফরিদ উদ্দিন আহমেদ, পিতা-মৃত- সোনা মিয়া, গ্রাম-পাকুল্লা, থানা-টাঙ্গাইল সদর, জেলা-টাঙ্গাইল -বনাম-সরকার ও অন্যান্য।

টাঙ্গাইল জেলার টাঙ্গাইল সদর উপজেলাধীন ছিলিমপুর ইউনিয়নের ৫, ৭ ও ৮ নং ওয়ার্ডের সীমানা পুনঃনির্ধারণ এবং ১নং ওয়ার্ডের ভোটার তালিকা হালনাগাদ করার দাবীতে রীট পিটিশন নং-৮০৭৯/২০১৭ দায়ের করা হয়েছে। মাননীয় আদালত রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ বিবাদীগণকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মাননীয় আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোহাম্মদ শাফিকুল আরিফ)
উপসচিব
ফোন-৯৫৪০১৯৭

জেলা প্রশাসক
টাঙ্গাইল।

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

- ১। উপসচিব (ইপ-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি/ মাস্টার কপি।